**জাতীয় সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট ও অডিট অধিশাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০১৯.০৯.০০৮.২২-২৯

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

বিষয় : **একাদশ জাতীয় সংসদের ২২তম অধিবেশনের ০৬ এপ্রিল ২০২৩ তারিখে সংসদের বৈঠকে আনীত মৌখিক ও লিখিত প্রশ্নের জবাব প্রেরণ।**

একাদশ জাতীয় সংসদের ২২তম অধিবেশনের ০৬-০৪-২০২৩ তারিখ রবিবার মাননীয় মন্ত্রীর প্রশ্নোত্তরের জন্য নির্ধারিত বৈঠকে মাননীয় সংসদ সদস্যগণ কর্তৃক আনীত নিম্নবর্ণিত প্রশ্নসমূহের কপি এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রশ্নসমূহের উত্তর এবং সম্পূরক প্রশ্ন ও উত্তর আলাদা পৃষ্ঠায় (নির্ধারিত ছক মোতাবেক) উল্লেখপূর্বক (Nikosh ফন্টে ই-মেইলঃ sasadmin4@rthd.gov.bd প্রেরণসহ) আগামী ২৯-০৪-২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উত্তর যথাসম্ভব সংক্ষিপ্ত ও প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।

| অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা | প্রশ্ন নং |
|---|---|
| সড়ক ও জনপথ অধিদপ্তর | তারকা চিহ্নিত প্রশ্ন নং- ১, ৫, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭। |
| | লিখিত প্রশ্ন নং- ১, ৫, ৭, ১৩, ১৭, ২০, ২৩, ২৮, ২৯, ৩৯, ৪০, ৪৩, ৪৫। |
| বিআরটিএ | তারকা চিহ্নিত প্রশ্ন নং- ৮ |
| | লিখিত প্রশ্ন নং- ১, ৪, ৮। |
| বিআরটিসি | লিখিত প্রশ্ন নং- ১৯ |
| ডিটিসিএ | লিখিত প্রশ্ন নং- ৪ |

সংযুক্তিঃ বর্ণনামতে

২৩/০৩/২০২৩

(মোঃ আব্দুল মোক্তাদের)
যুগ্মসচিব
ও
কাউন্সিল অফিসার
☎ ৯৫১৩৬৮৮
sasadmin4@rthd.gov.bd

অনুলিপি: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০২। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০৩। চেয়ারম্যান, বিআরটিএ, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০৪। চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**

অনুলিপি: জ্ঞাতার্থে

০১। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, ইস্কাটন গার্ডেন, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি, উত্তরা, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)।**
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৪। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৫। অফিস কপি।

নং-৬৫৩-মঃসাঃ
তাং-২৩/৩/২৩

অতীব জরুরী

উল্লেখিত প্রতিবেদন আগামী ২৮/৩/২৩ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

২৬/০৩/২৩

মোহাম্মদ মেহেদী ইকবাল
পরিচিতি নং-৬০১৯৫৬
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), বাজেট মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

D:\11 Th Songsod\Letter (SHAFIQ).doc-294

## বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
### প্রশ্ন শাখা

২০২৩ সালের ০৬ এপ্রিল, বৃহস্পতিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে লিখিত উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

**১। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে সড়ক দুর্ঘটনা রোধে কোনো গবেষণা কার্যক্রম চালু আছে কিনা; এবং থাকিলে, তাহা কী; না থাকিলে, উক্ত কার্যক্রম চালু করা হইবে কিনা?

অ.প্র.প্র/TSW

**২। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাকে সামনে রাখিয়া সমষ্টিগত পদক্ষেপের মাধ্যমে নারী/মেয়েদের প্রতি সকল প্রকার সহিংসতা চিরতরে নির্মূল করিতে সরকারি বেসরকারি খাত এবং বিশেষ করিয়া সুশীল সমাজের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে লক্ষ্যকে আগাইয়া নিতে আপনার মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং

(খ) করিলে, তাহা কী?

**৩। জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে আরিচা-পাটুরিয়ার সঙ্গে রেলপথ স্থাপনের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; না থাকিলে, নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

**৪। জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, রাজধানী ঢাকায় কিছু গণপরিবহনে ই-টিকিটিং ব্যবস্থা চালু করা হইয়াছে; বিষয়টি সত্য হইলে, উক্ত সুবিধা ঢাকা-চট্টগ্রাম মহানগরীর সকল রুটে ব্যবস্থা চালুর লক্ষ্যে আপনার মন্ত্রণালয় বিশেষ উদ্যোগ গ্রহণ করিবে কিনা?

**৫। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার গড়িয়ার পাড় হইতে পিরোজপুর জেলার স্বরূপকাঠী সড়কটির প্রস্থ কম হওয়ায় প্রায়ই দুর্ঘটনা ঘটে, এই দুর্ঘটনা রোধকল্পে সড়কটি চব্বিশ ইঞ্চি প্রশস্ত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ করা হইবে?

নি.প্র/পিরোজপুর

**৬। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার বানারীপাড়া/উজিরপুর উপজেলায় অসহায় ও দুস্থ মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন প্রদান করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

**৭। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় কেনো রাস্তা, ব্রিজ ও কালভার্ট উন্নয়নের জন্য তালিকাভুক্ত করা হইয়াছে কিনা; হইলে, কবে নাগাদ তাহার কার্যক্রম শুরু হইবে?

নি.প্র/বরিশাল

**৮। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, সড়ক দুর্ঘটনা রোধ এবং গণপরিবহনে শৃঙ্খলা ফিরাইতে রহিয়াছে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল। এই পর্যন্ত প্রতিটি বৈঠকে পুরনো সিদ্ধান্ত নতুন করিয়া আলোচনা হইতেছে; নতুন কোনো সিদ্ধান্ত আলোচনায় আসিতেছে না; এবং উত্তর সত্য হইলে, জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের কার্যক্রমে গতিশীলতা আনিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

~~অ.প্র.প্র/TSW~~

**৯। জনাব আলী আজম (ভোলা-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলার বোরহানউদ্দিন ও দৌলতখান উপজেলার দুস্থ মহিলাদের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে কোনো প্রশিক্ষণ প্রদান করা হয় কিনা; হইলে, তাহা কী?

**১০। জনাব আলী আজম (ভোলা-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলার বোরহানউদ্দিন ও দৌলতখান উপজেলার দুস্থ মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**১১। জনাব আলী আজম (ভোলা-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলায় কর্মজীবী মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

**১২। নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বাংলাদেশ রেলওয়ের কোনো ইঞ্জিন বিকল আছে কিনা; উক্ত বিকল ইঞ্জিনসমূহ সচল করিবার লক্ষ্যে সরকার কী কী উদ্যোগ গ্রহণ করিয়াছে?

**১৩। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার গুপ্তছড়া সড়কটি ডাবল লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা; না থাকিলে, পরিকল্পনা গ্রহণ করা হইবে কিনা? নি.প্র / চট্টগ্রাম

**১৪। জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের যোগাযোগ ব্যবস্থার অন্যতম মাধ্যম রেলপথ। এমতাবস্থায় রেলপথকে আধুনিকায়ন এর উপর গুরুত্ব দিয়া সরকার কার্যকরী কোনো পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছেন কিনা?

**১৫। জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনি-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কর্মক্ষেত্রে নারীদের কর্মবান্ধব পরিবেশ ও সুযোগ সুবিধা নিশ্চিত করিবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয় গত এক দশকে কোনো পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

**১৬। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলার দুস্থ মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**১৭। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলায় কোনো রাস্তা সংস্কার ও পুনঃনির্মাণাধীন আছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/নাটোর

**১৮। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলার অসহায় দুস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে? ~~নি.প্র/নাটোর~~

**১৯। জনাব নাছিমুল আলম চৌধুরী (কুমিল্লা-৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুমিল্লা জেলার বরুড়া উপজেলা সদরে বিআরটিসি কর্তৃক একটি মোটর ড্রাইভিং প্রশিক্ষণ সেন্টার প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

**২০। জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কুষ্টিয়া জেলায় কোনো রাস্তা সংস্কার ও পুনঃনির্মাণাধীন আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং উক্ত রাস্তা নির্মাণ কাজ কবে নাগাদ শেষ করা হইবে? নি প্র/কুষ্টিয়া

**২১। জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় মহিলাদের আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**২২। জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় মহিলাদের প্রশিক্ষণের জন্য কোনো প্রশিক্ষণ প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**২৩। মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঝিনাইদহ জেলায় কোনো রাস্তা সংস্কার ও পুনঃ নির্মাণাধীন আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং উক্ত রাস্তার নির্মাণ কাজ কবে নাগাদ শেষ করা হইবে?

নি.প্র/ঝিনাইদহ

**২৪। মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঝিনাইদহ জেলায় দুঃস্থ মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে কোনো প্রশিক্ষণ প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**২৫। মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঝিনাইদহ জেলায় দুঃস্থ মহিলাদের আত্মনির্ভরশীল করিবার লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**২৬। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলার অসহায়, দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

**২৭। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলার মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**২৮। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে লক্ষ্মীপুর জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার/সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

নি.প্র/লক্ষ্মীপুর

**২৯। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন রাস্তার পরিমাণ কত; উপজেলা-ওয়ারী হিসাব কী; এবং চলতি অর্থ-বছরে কি পরিমাণ রাস্তা নির্মাণ করা হইয়াছে?

নি.প্র/ময়মনসিংহ

**৩০। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলায় হতদরিদ্র মানুষের কল্যাণে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং নতুন কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**৩১। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**৩২। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার সদর ও নলডাঙ্গা উপজেলার দুঃস্থ মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**৩৩। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার সদর ও নলডাঙ্গা উপজেলার অসহায় দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কি; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

**৩৪। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় মহিলাদের আত্মকর্মসংস্থানশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**৩৫। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলা কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

**৩৬। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১০ সাল হইতে এই পর্যন্ত বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় দুঃস্থ অসহায় মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন প্রদান করা হইয়াছে কিনা; হইলে, বছর ওয়ারী হিসাব কী?

**৩৭। জনাব মোঃ আনোয়ারুল আজীম (আনার) (ঝিনাইদহ-৪):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার দুঃস্থ মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে কোনো প্রশিক্ষণ প্রদান করা হয় কিনা; হইলে, তাহা কী?

**৩৮। জনাব মোঃ আনোয়ারুল আজীম (আনার) (ঝিনাইদহ-৪):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার দুঃস্থ মহিলাদের আত্মনির্ভরশীল করিবার লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**৩৯। জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে মেহেরপুর জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

নি.প্র/মেহেরপুর

**৪০। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর জেলার রায়পুর ও সদর উপজেলার একাংশের সড়ক উন্নয়নে কোনো কার্যক্রম গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

নি.প্র/লক্ষ্মীপুর

**৪১। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে বর্তমানে কতটি বস্ত্র কল রহিয়াছে; এ সকল বস্ত্র কল হইতে বছরে কী পরিমাণ বস্ত্র উৎপন্ন হয়ে থাকে?

**৪২। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-২ এর অন্তর্গত রায়পুর ও সদর উপজেলার একাংশে নারী ও শিশুদের কল্যাণে আপনার মন্ত্রণালয় হইতে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

**৪৩। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের জুলাই/২০২২ হতে মার্চ/২০২৩ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলার সড়ক উন্নয়নে কী কী কাজ করা হইয়াছে; হইতে কী পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে?

নি.প্র/লক্ষ্মীপুর

**৪৪। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলায় বর্তমানে কোনো মহিলা কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ কেন্দ্র রহিয়াছে কিনা; না থাকিলে, চলতি অর্থ বছরে বর্ণিত উপজেলায় মহিলা কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হইবে কিনা?

**৪৫। জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে চট্টগ্রাম জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী?

নি.প্র/চট্টগ্রাম

**৪৬। এনামুল হক (রাজশাহী-৪):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-রাজশাহীর সঙ্গে বর্তমানে কতটি আন্তঃনগর ট্রেন চলাচল করিতেছে; নামসহ তালিকা কী; এবং নতুন কোনো ট্রেন চালু করা হইবে কিনা; হইলে, তাহা কী?

**৪৭। জনাব নূর মোহাম্মদ (কিশোরগঞ্জ-২):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জাপান রেলওয়ের প্রায় ১৭ শতাংশ আয় আসে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রচারের সুযোগ দিয়া। ট্রেন স্টেশন এবং রেলের জমিতে বাণিজ্যিক বিজ্ঞাপন প্রচার সুবিধা দিয়া আমাদের আয় বাড়ানো যায় কি; এই ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ করিবেন কিনা?

**৪৮। জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় মহিলাদের জন্য প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**৪৯। জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় মহিলাদের জন্য প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**ঢাকা,**

**৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ ।**

**২৩ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ ।**

**কে, এম, আব্দুস সালাম**

সংসদ সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ০৬ এপ্রিল, বৃহস্পতিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে মৌখিক উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

***১। জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০):** সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কতটি সেতু হইতে টোল আদায় করা হয়; উক্ত টোল আদায়কৃত সেতুওয়ারী অর্থের পরিমাণ কত? উ.প্র/ রক্ষণাবেক্ষণ

***২। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দৈনন্দিন কাজে পাট ও পাটজাত দ্রব্য-সামগ্রী ব্যবহারে জনসাধারণকে আরো উৎসাহিত করিবার লক্ষ্যে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, বিস্তারিত তাহা কী?

***৩। জনাব মোঃ শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নওগাঁ জেলার পত্নীতলা ও ধামইরহাট উপজেলায় মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

***৪। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম, ঢাকা-সিলেটসহ অন্যান্য রুটে চলাচলকৃত আন্তঃনগর ট্রেনের বগিসমূহের অভ্যন্তরে ঘড়ি ও নামাজ এর সুবিধার্থে দিক নির্ধারণের জন্য কম্পাস সংযোজনের ব্যবস্থা করা হইবে কিনা?

***৫। জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলার সেনবাগ উপজেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সড়ক চলতি অর্থ-বছরে পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/ নোয়াখালী

***৬। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, নোবেলজয়ী কৈলাস সত্যার্থীর নেতৃত্বে তৈরী এক সমীক্ষা রির্পোটে জানা যায় বাংলাদেশ থেকে ভারতে পাচার হইয়া যাওয়া নারী ও শিশুদের যৌন ব্যবসায় বাধ্য করা হইতেছে; এই নারী ও শিশু পাচাররোধে বাংলাদেশ সরকার নানা পদক্ষেপ গ্রহণ করিলেও পাচার থামছেনা; উত্তর সত্য হইলে, পাচারকারী চক্রের বিরুদ্ধে কঠোর থেকে কঠোরতর পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

***৭। জনাব পনির উদ্দিন আহম্মেদ (কুড়িগ্রাম-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে পাটের উৎপাদন বৃদ্ধি এবং পাটের মূল্য বৃদ্ধি করিবার লক্ষ্যে মন্ত্রণালয় বিশেষ কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে তাহা কী?

***৮। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশে এক দিকে সড়ক দুর্ঘটনা বাড়িতেছে অন্যদিকে পরীক্ষা ছাড়াই ড্রাইভিং লাইসেন্স দিতেছে বিআরটিএ; তাও আবার পেশাদার নয়; বাস ট্রাকের মতো ভারী যান চালনায় পেশাদার চালক হিসাবে এসব লাইসেন্স দেওয়া হইতেছে; এবং উত্তর সত্য হইলে, উক্ত অনিয়ম রোধে সরকার কঠোর কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

***৯। জনাব মোঃ আনোয়ারুল আজীম (আনার) (ঝিনাইদহ-৪):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঝিনাইদহ জেলায় কর্মজীবী মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক
প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

***১০। জনাব শামীম হায়দার পাটোয়ারী (গাইবান্ধা-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে গাইবান্ধা জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং উক্ত রাস্তা সম্প্রসারণ করা হইবে কিনা; হইলে, তাহা কী?

নি.প্র/গাইবান্ধা

***১১। নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক ও মহাসড়কে অতিরিক্ত পন্যবাহী যানবাহন নিয়ন্ত্রণে মোটরযান এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা কার্যকর করিবার লক্ষ্যে কোনো পদক্ষেপ সরকার গ্রহণ করিবে কিনা; এবং করিলে, তাহা কী?

প্রধান প্র.প্র/TSW

***১২। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের আওতাধীন একটি সড়ক গুপ্তছড়া সড়কটি ডাবল লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী এবং কবে নাগাদ তাহা বাস্তবায়ন করা হইবে? নি.প্র/চট্টগ্রা

***১৩। জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সড়ক বিভাগের অধীনে দেশে নতুন কোনো সড়ক নির্মাণ করা হইবে কিনা; হইলে, জেলা ওয়ারী উক্ত সড়কগুলির নাম কী?

নিপ্র ত.প্র/পরিকল্পনা ও কার্যক্রম

***১৪। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশের মহাসড়কগুলির মধ্যে কোন কোন সড়ক চার লেনে উন্নীত করা হইয়াছে; এবং যেই সকল মহাসড়কগুলি এখনো চার লেনে উন্নীত করা হয়নি; উক্ত সড়কগুলি কবে নাগাদ চার লেনে উন্নীত করা হইবে?

ত.প্র/পরিকল্পনা ও কার্যক্রম

***১৫। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

নি.প্র/নাটোর

***১৬। এনামুল হক (রাজশাহী-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

নি.প্র/রাজশাহী

***১৭। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বরিশাল জেলায় কোনো সেতু নির্মাণাধীন আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং উক্ত সেতু নির্মাণ কাজ কবে নাগাদ শেষ করা হইবে?

নি.প্র/বরিশাল

***১৮। জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রামের সঙ্গে বর্তমানে কতটি আন্তঃনগর ট্রেন চলাচল করিতেছে; নামসহ তালিকা কী; এবং নতুন কোনো ট্রেন চালু করা হইবে কিনা; হইলে, তাহা কী??

***১৯। জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে মেহেরপুর জেলার গাংনী উপজেলার অসহায় দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

***২০। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে দেশে বস্ত্র মেলা অনুষ্ঠিত হইয়াছে কিনা; হইলে, তাহা হইতে কী পরিমাণ রাজস্ব আয় হইয়াছে?

***২১। জনাব মো: মোজাফফর হোসেন (জামালপুর-৫):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ক) গ্রামীণ মহিলাদের আত্মনির্ভরশীল করিয়া গড়িয়া তুলিবার লক্ষ্যে বিগত অর্থ বছরে জামালপুর জেলার সদর উপজেলায় গৃহীত পদক্ষেপে সুবিধাভোগী মহিলার সংখ্যা কত; এবং

খ) নাম ও ঠিকানাসহ কে কিভাবে উপকৃত হইয়াছে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

***২২। জনাব আলী আজম (ভোলা-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেশম শিল্প সম্প্রসারণে এই পর্যন্ত সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

***২৩। জনাব নূর মোহাম্মদ (কিশোরগঞ্জ-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কিশোরগঞ্জ জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী? নি.প্র/কিশোর

***২৪। আদিবা আনজুম মিতা (মহিলা আসন-৩৭):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- ক) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় উন্নয়নের জন্য রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় কোনো রাস্তা, ব্রীজ, কালভার্ট তালিকাভুক্ত করা হইয়াছে কিনা; এবং নি.প্র/রাজশাহী

খ) উত্তর হ্যাঁ সুচক হইলে, ব্যয় বরাদ্দের পরিমাণসহ তাহার তালিকা কী; কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে?

***২৫। জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশের পার্শ্ববর্তী দেশগুলোর সঙ্গে সড়ক যোগাযোগ স্থাপন করিবার লক্ষ্যে কোনো প্রকল্প পরিচালিত হইতেছে কিনা; এবং নতুন কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? প্র.প/SRTPPF

***২৬। জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত;; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/ময়মনসিংহ

***২৭। জনাব মোঃ আব্দুল আজিজ (সিরাজগঞ্জ-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সিরাজগঞ্জ জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করা হইবে কিনা? নি.প্র/সিরাজগঞ্জ

**ঢাকা,**

**৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ।**

**২৩ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ।**

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

**কে, এম, আব্দুস সালাম**

সংসদ সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ।